



বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নির্বাচন প্রশাসন শাখা

নং-১৭.০০.১০২০.০৩৫.৪৬.০২৩.১৭-১৮৩


তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০২০

বিষয়ঃ মাননীয় হাইকোর্ট বিভাগ এবং মাননীয় আপিল বিভাগের আদেশ অনুযায়ী ইতিপূর্বে প্রকাশিত সংশোধিত গেজেট বিজ্ঞপ্তি বাতিলের প্রজ্ঞাপনের গেজেট বিজ্ঞপ্তি প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে বগুড়া জেলার বগুড়া সদর উপজেলার রাজাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখের ২৫৪৬৯নং পৃষ্ঠায় প্রকাশিত ১৭.০০.১০২০.০৩৫.৪৬.০২৩.১৭-১৩১৭নং স্মারকের সংশোধিত গেজেট বিজ্ঞপ্তিটি মাননীয় হাইকোর্ট বিভাগ এবং মাননীয় আপিল বিভাগের আদেশের প্রেক্ষিতে মাননীয় নির্বাচন কমিশনের সিদ্ধান্ত মোতাবেক প্রজ্ঞাপন আকারে বাতিল করায় ০২ ফেব্রুয়ারি ২০২০ তারিখে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত প্রজ্ঞাপনের ১৫ (পনের) কপি প্রয়োজনীয় কার্য ব্যবস্থা গ্রহণের নিমিত্তে এতদসঙ্গে প্রেরণ করা হল।

০২। এমতাবস্থায়, এছাড়া মাননীয় আদালতের কোন স্থগিতাদেশ অথবা আইনগত কোন জটিলতা না থাকলে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নির্বাচন কমিশন সচিবালয়কে অবহিত করণের জন্য অনুরোধ করা হলো। এছাড়া গেজেট বিজ্ঞপ্তির প্রাপ্তি স্বীকারপত্র প্রদানের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনা মোতাবেক


০৩/০২/২০২০

(মোঃ মিজানুর রহমান)

উপসচিব (চলতি দায়িত্ব)

ফোনঃ ৫৫০০৭৫৬৫

ফ্যাক্স নং-৫৫০০৬৬৭৭

মোবাইলঃ +৮৮-০১৫৫০০৪২০৫৩

mizanr63@yahoo.com


✓ জেলা প্রশাসক
বগুড়া

নং-১৭.০০.১০২০.০৩৫.৪৬.০২৩.১৭-১৮৩

তারিখঃ ০৬ ফেব্রুয়ারি ২০২০

অনুলিপি সদয় জ্ঞাতার্থে প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ১। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, ঢাকা (০২ কপি)
- ২। সিস্টেম ম্যানেজার, আইসিটি অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (০১ কপি) (নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী (০২ কপি)
- ৪। সিনিয়র জেলা নির্বাচন অফিসার, বগুড়া (০৩ কপি) [ইন্ট্রানেট হতে গেজেটের কপি জেলা প্রশাসক মহোদয় কে সরবরাহের অনুরোধ সহ]
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, বগুড়া সদর, বগুড়া (০২ কপি)
- ৬। সহকারী সচিব (নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-২) (০২ কপি)
- ৭। উপজেলা নির্বাচন অফিসার, বগুড়া সদর, বগুড়া (০২ কপি)
- ৮। নির্বাচন কমিশন সচিবালয় গ্রন্থাগার (০২ কপি), (গ্রন্থাগারে সংরক্ষণের জন্য)।


(মোঃ মিজানুর রহমান)
উপসচিব (চলতি দায়িত্ব)

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, ফেব্রুয়ারি ২, ২০২০

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন প্রশাসন শাখা

প্রজ্ঞাপন

তারিখ : ১৭ মাঘ ১৪২৬/৩১ জানুয়ারি ২০২০

নং ১৭.০০.১০২০.০৩৫.৪৬.০২৩.১৭-১৭৪।—মাননীয় হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১১০৮৯/২০১৯ এর ১৭ অক্টোবর ২০১৯ তারিখের আদেশে নির্বাচন আপিল নং-০৩/২০১৯ এর ১৯ সেপ্টেম্বর ২০১৯ তারিখের রায়-কে ৬ (ছয়) মাসের জন্য স্থগিত এবং মাননীয় আপিল বিভাগে দায়েরকৃত সিপিএলএ নং-৩০৮৮/২০১৯ এর ২৮ অক্টোবর ২০১৯ তারিখের আদেশে অনুলিপি প্রাপ্তির তারিখ থেকে ৪ (চার) মাসের মধ্যে সংশ্লিষ্ট আদালতে মামলাটি নিষ্পন্ন করার নির্দেশনা দিয়ে লিভ পিটিশনটি নিষ্পত্তি করায় ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখে প্রকাশিত গেজেট বহাল থাকার আইনগত কোনো সুযোগ নাই বিধায় বগুড়া জেলার বগুড়া সদর উপজেলার রাজাপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান পদে নির্বাচনি আপিল ট্রাইব্যুনালের রায় অনুযায়ী জনাব মোঃ রাজিবুল ইসলাম খান (রাজু) এর নামে বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় ০৪ ডিসেম্বর ২০১৯ তারিখে ২৫৪৬৯নং পৃষ্ঠায় প্রকাশিত ১৭.০০.১০২০.০৩৫.৪৬.০২৩.১৭-১৩১৭ নং স্মারকের সংশোধিত বিজ্ঞপ্তিটি নির্বাচন কমিশন এতদ্বারা বাতিল করিলেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান
উপসচিব (নির্বাচন পরিচালনা-২)।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,

ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১৯৫১)

মূল্য : টাকা ৪.০০